

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৭৭

(كتاب الصيام) মতম /৩১

পরিচ্ছেদঃ ১৩/১৩. যে ব্যক্তি জুনুবী অবস্থায় ফজর করল তার সওমের কোন ক্ষতি হবে না।

## আরবী

حديث عَائِشَةَ وَأُمِّ سَلَمَةَ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمنِ بْنِ الْحرِثِ بْنِ هِشَامٍ، أَنَّ أَبَاهُ عَبْدَ الرَّحْمنِ أَخْبَرَ مَرْوَانَ أَنَّ عَائِشَةَ وَأُمَّ سَلَمَةَ أَخْبَرَتَاهُ أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُدْرِكُهُ الْفَجْرُ وَهُوَ جُنُبٌ مِنْ أَهْلِهِ، ثُمَّ يَغْتَسِلُ وَيَصُوم وَسَلَّمَ كَانَ يُدْرِكُهُ الْفَجْرُ وَهُو جُنُبٌ مِنْ أَهْلِهِ، ثُمَّ يَغْتَسِلُ وَيَصُوم فَقَالَ مَرْوَانُ لِعَبْدِ الرَّحْمنِ بْنِ الْحرِثِ: أَقْسِمُ بِاللهِ لَتُقَرِّ عَنَّ بِهَا أَبَا هُرَيْرَةَ، وَمَرْوَان فَقَالَ مَرْوَان لِعَبْدِ الرَّحْمنِ ثُمَّ قُدْرَ لَنَا أَنْ نَجْتَمِعَ بِذِي يَوْمَئِذٍ عَلَى الْمَدِينَةِ؛ فَقَالَ أَبُو بَكْرٍ: فَكَرِهَ ذلِكَ عَبْدُ الرَّحْمنِ ثُمَّ قُدَّرَ لَنَا أَنْ نَجْتَمِعَ بِذِي الْحُلَيْفَةِ، وَكَانَتُ لَأَبِي هُرَيْرَةَ هُنَالِكَ أَرْضَ، فَقَالَ عَبْدُ الرَّحْمنِ لَأَبِي هرَيْرَةَ إِنِّي ذَاكِرٌ لَكَ الْحُرْبَةِ وَكَانَتُ لَا اللهِ مَرْوَانُ أَقْسَمَ عَلَيَّ فِيهِ لَمْ أَذْكَرُهُ لَكَ فَذَكَرَ قَوْلَ عَائِشَةَ وَأُمِّ سَلَمَةً؛ فَقَالَ: كَرْكُ مَوْلَ عَائِشَةَ وَأُمِّ سَلَمَةً؛ فَقَالَ: كَدَّنِي الْفَضِيْلُ ابْنُ عَبَّاسٍ، وَهُو أَعْلَمُ

## বাংলা

৬৭৭. আবু বাকর ইবনু 'আবদুর রাহমান হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং আমার পিতা 'আয়িশাহ্ (রাঃ) এবং উন্মে সালামাহ (রাঃ)-এর নিকট গেলাম। (অপর বর্ণনায়) আবুল ইয়ামান (রহ.) ... মারওয়ান (রহ.) হতে বর্ণিত। 'আয়িশাহ্ (রাঃ) এবং উন্মু সালামাহ (রাঃ) তাকে সংবাদ দিয়েছেন যে, নিজ স্ত্রীর সাথে মিলনজনিত জুনুবী অবস্থায় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফজরের সময় হয়ে যেত। তখন তিনি গোসল করতেন এবং সওম পালন করতেন।

মারওয়ান (রহঃ) আবদুর রাহমান ইবনু হারিস (রহ.)-কে বললেন, আল্লাহর শপথ করে বলছি, এ হাদীস শুনিয়ে তুমি আবু হুরাইরাহ্ (রাঃ) শক্ষিত করে দিবে। এ সময় মারওয়ান (রহ.) মদীনার গভর্নর ছিলেন। আবু বাকর (রহ.) বলেন, মারওয়ান (রহ.)-এর কথা 'আবদুর রাহমান (রহ.) পছন্দ করেননি। রাবী বলেন, এরপর ভাগ্যক্রমে আমরা যুল-হুলাইফাতে একত্রিত হই। সেখানে আবু হুরাইরাহ (রাঃ)-এর একখণ্ড জমি ছিল। 'আবদুর রাহমান (রহ.) আবু হুরাইরাহ্ (রাঃ)-কে বললেন, আমি আপনার নিকট একটি কথা বলতে চাই, মারওয়ান যদি এ বিষয়টি আমাকে কসম দিয়ে না বলতেন, তা হলে আমি তা আপনার সঙ্গে আলোচনা করতাম না। অতঃপর তিনি 'আয়িশাহ্ (রাঃ) ও উন্মু সালামাহ (রাঃ)-এর বর্ণিত উক্তিটি উল্লেখ করলেন। ফাযল ইবনু 'আব্বাস (রাঃ) অনুরূপ



একটি হাদীস আমাকে শুনিয়েছেন এবং এ বিষয়ে তিনি সর্বাধিক অবগত।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩০ : সওম, অধ্যায় ২২, হাঃ ১৯২৫-১৯২৬৬; মুসলিম, পর্ব ১৩: সওম, অধ্যায় ১৩, হাঃ ১১০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকর ইবনু 'আবদুর রহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন